# উপজেলা পরিষদ কার্যালয়
# পলাশ, নরসিংদী।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## পলাশ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সৈয়দ জাবেদ হোসেন।
চেয়ারম্যান , পলাশ উপজেলা পরিষদ, নরসিংদী।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ, নরসিংদী।

সভার তারিখ ও সময় ঃ ১৫-১১-২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| উপস্থিত সদস্যগণের তালিকা | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। | ১৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৪. | চেয়ারম্যান, ডাংগা ইউনিয়ন পরিষদ। | ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৫. | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ। | ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৬. | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ১৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,পলাশ, নরসিংদী। |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ১৯. | উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৮. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২০. | উপজেলা বন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৯. | উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২১. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পলাশ, নরসিংদী। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২২. | উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |
| ১১. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৩. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পলাশ, নরসিংদী। |
| ১২. | উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী। | ২৪. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। বিভাগীয় আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, আগামী ১১/১২/২০২১ থেকে ১৪/১২/২০২১ তারিখ পর্যন্ত এই চার দিন ভিটামিন "এ" ক্যাপসুল সপ্তাহ অনুষ্ঠিত হবে। এই সময়ের মধ্যে প্রায় ২৮,০০০ জন শিশুকে ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা রয়েছে । এছাড়া করোনার টিকা গ্রহণের গতি আরও বৃদ্ধির লক্ষ্যে বর্তমানে রেজিস্ট্রেশন ছাড়া টিকা কেন্দ্রে শুধুমাত্র নির্দিষ্ট একটি ফরম পূরণের মাধ্যমে টিকা প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে । যে কেউ টিকা কেন্দ্রে গেলে উক্ত ফরম পূরণের মাধ্যমে টিকা গ্রহণ করতে পারবে বলে তিনি জানান। এছাড়া, কমিউনিটি ক্লিনিকগুলোর মাধ্যমেও টিকা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জিনারদী, গজারিয়া ও চরসিন্দুর কমিউনিটি ক্লিনিকে প্রতি শনিবার এবং ডাংগা ও ঘোড়াশালে প্রতি মঙ্গলবার টিকা প্রদান করা হবে। জাতীয় পরিচয় পত্র নিয়ে গেলে যে কেউ সংশ্লিষ্ট কমিউনিটি ক্লিনিকে টিকা নিতে পারবে বলে তিনি জানান। | টিকা গ্রহণের বিষয়ে উল্লেখিত তথ্যগুলো জনগণের মাঝে ব্যাপক প্রচার ও টিকা গ্রহণে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি জনপ্রতিনিধি/চেয়ারম্যানগণ সহ সকলকে অনুরোধ জানানো হয়। | ইউপি চেয়ারম্যান ও বিভাগীয় প্রধান (সকল), পলাশ, নরসিংদী। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ১-জানুয়ারি/২০২২ খ্রিঃ তারিখে সারা দেশের ন্যয় পলাশ উপজেলাতেও বই বিতরণ উৎসবের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেওয়া হবে। ইতিমধ্যে বিভিন্ন শ্রেনীর বই আসতে শুরু করেছে। তিনি বই বিতরণ উৎসবের আগেই চাহিদা মোতাবেক সকল শ্রেনীর বই পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সেজন্য কর্তৃপক্ষের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে বলে তিনি সভায় জানান। | নির্ধারিত সময়ের মধ্যে যাতে সকল শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া সম্ভব হয় সেজন্য পাঠ্যপুস্তক বোর্ড/কর্তৃপক্ষের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করার অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা অফিসার ঃ সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান, “ক্ষুদ্র ঋণ জাগরণী সপ্তাহ” নামে একটি প্রোগ্রাম আগামী ১৪ থেকে ২১ ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১ সপ্তাহ ব্যাপী চলবে। এই প্রোগ্রামটি সম্পর্কে তিনি জানান, দরিদ্র জনগণের মাঝে সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রমের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে এই প্রোগামটি চালু করেছিলেন। আগামী এক সপ্তাহে এই প্রোগ্রামের আওতায় পলাশ উপজেলায় গ্রাম কমিটির মাধ্যমে নতুন করে ১৪ লক্ষ ৭৫ হাজার টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করার লক্ষমাত্রা রয়েছে বলে তিনি জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাবাবিকভাবে চলছে । | বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা শিক্ষা অফিসার ঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আগামী ১-জানুয়ারি/২০২২ খ্রিঃ তারিখে সারা দেশের ন্যয় পলাশ উপজেলাতেও উৎসব মুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেওয়া হবে। ইতিমধ্যে পাঠ্যপুস্তক/বই আসতে শুরু করেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | বই বিতরণ উৎসবে যাতে সকল শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া সম্ভব হয় সেজন্য পাঠ্যপুস্তক বোর্ড/কর্তৃপক্ষের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করার অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ঃ সভায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার প্রকল্পের কাজ হচ্ছে সুবিধাবঞ্চিত নারীদের তথ্যসেবা ভিত্তিক সহায়তা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠা করা। অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে সুবিধা বঞ্চিত নারীদেরকে বিনামূল্যে ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান যেমন- অনলাইনের মাধ্যমে পরীক্ষার আবেদন, ভর্তিও আবেদন, চাকুরীর আবেদন ইত্যাদি। এছাড়া রয়েছে স্বাস্থ্য সেবা প্রদান যেমন-বিনামূল্যে ডায়বেটিস ও রক্তচাপ পরীক্ষা, উচ্চতা নির্ণয় ইত্যাদি। এছাড়া প্রতিটি ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে উঠান বৈঠকের মাধ্যমে নারীদের বিভিন্ন সমস্যার কথা শুনে সেগুলো সমাধানের জন্য পরামর্শ প্রদান করা। | সুবিধাবঞ্চিত নারীদের সেবা প্রাপ্তির বিষয়টি প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), পলাশ, নরসিংদী। |
| | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত আলোচনা ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, পলাশ উপজেলার ওয়েব পোর্টাল হালনাগাদকরণের কাজ চলছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ এবং উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের প্রধানগণকে তাদের দাপ্তরিক হালনাগাদ তথ্য/নোটিশ/পত্রসমূহের অনুলিপি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট প্রদানের অনুরোধ জানান। | ওয়েব পোর্টালে আপলোড করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে হালনাগাদ তথ্য এবং প্রয়োজনীয় নোটিশ উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট প্রদানের সিদ্ধান্ত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) ,বিভাগীয় প্রধান (সকল) ও উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |

এছাড়া সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের নিজ-নিজ বিভাগের কার্যক্রম এর বিষয়ে জানান যে তাঁদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। সভায় সভাপতি সকলকেই স্বাস্থ্যবিধি মেনে চলার এবং প্রতিটি মাসিক সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ রেখে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি তার বক্তব্য শেষ করেন। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৈয়দ জাবেদ হোসেন
চেয়ারম্যান
পলাশ উপজেলা পরিষদ
নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২১-৭৬৭/১ তারিখঃ ১৫-১১-২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২১- ৭৬৭/১ তারিখ ঃ ১৫-১১-২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।

২। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।

৪। উপজেলা ............................................... (সকল) কর্মকতা, পলাশ, নরসিংদী।

৫। চেয়ারম্যান ....................................... (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী।

৬। জনাব ......................................................................... পলাশ, নরসিংদী।

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।